

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩.৪২৬

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩১
১৮ আগস্ট ২০২৪

বিজ্ঞপ্তি

২০২৪-২৫ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদানের লক্ষ্যে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের নিকট থেকে নিম্নলিখিত নির্দেশনাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ


(ক) সাধারণ নির্দেশনাবলী:

১. অনুদান/ভাতা প্রত্যাশী সাংস্কৃতিক প্রতিষ্ঠান/সংস্কৃতিসেবীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
২. গত ২০২৩-২৪ অর্থবছরে কল্যাণ অনুদান খাত হতে মাসিক কল্যাণ ভাতাপ্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের চলতি অর্থবছরে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে নতুন সংস্কৃতিসেবীদেরকে (যৌর গত অর্থবছরে ভাতা পাননি) নির্ধারিত ফরমে যথানিয়মে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে।
৩. সাংস্কৃতিক মঞ্জুরী (চারুশিল্প প্রতিষ্ঠান ও থিয়েটারসমূহ) খাত থেকে ২০২৩-২৪ অর্থবছরে অনুদানপ্রাপ্ত সকল সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং নতুন সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে (যৌর গত অর্থবছরে অনুদান পাননি) নির্ধারিত ফরমে যথানিয়মে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবে;
৪. আবেদন ফরম বিনামূল্যে সকল জেলা প্রশাসকের কার্যালয়/বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রধান কার্যালয়/জেলা শিল্পকলা একাডেমি এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moca.gov.bd) পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
৫. আবেদন ফরমে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ/প্রত্যয়ন অবশ্যই থাকতে হবে অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
৬. আবেদনকারী সাংস্কৃতিক প্রতিষ্ঠান/ব্যক্তি এক অর্থবছরে একবার মাত্র আবেদন করতে পারবেন। একাধিক আবেদন প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
৭. আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩০/০৯/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিজ নিজ জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর ডাকযোগে পৌছাতে হবে।

| (খ) অনুদান পাওয়ার ক্ষেত্রে সাংস্কৃতিক প্রতিষ্ঠান/সংস্কৃতিসেবীর যোগ্যতা | |
|---|---|
| সাংস্কৃতিক প্রতিষ্ঠান | সংস্কৃতিসেবী |
| (১) আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই প্রগতিশীল আদর্শে বিশ্বাসী হতে হবে। দেশের সুস্থ ও সৃজনশীল সাংস্কৃতিক কর্মকাণ্ডেও তাদের সক্রিয় অংশগ্রহণ থাকতে হবে; | (১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে; |
| (২) দেশে নিয়মিতভাবে সংগীত, নৃত্য, নাটক, চারুকলা বিষয়ক সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করছে এমন প্রতিষ্ঠান অনুদান পাওয়ার যোগ্য হবে; | (২) আবেদনকারীকে অবশ্যই প্রচলিত কোনো শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে; |
| (৩) বিশেষ বিবেচনায় যাত্রাদল, সার্বাসদল, যাদু প্রতিষ্ঠান, পালাগান, আলোকচিত্র, পুতুলনাচ, আবৃত্তি, গল্পীরা, জারী, কবিগান ইত্যাদি সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং লোকসংস্কৃতির অন্যান্য মাধ্যমের প্রতিষ্ঠানসমূহ এর অন্তর্ভুক্ত হবে; | (৩) দুস্থ, অসহায়, প্রায় ভূমিহীন, উপার্জনে অক্ষম, অসুস্থ প্রতিবেদী সংস্কৃতিসেবীগণ ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন; |
| (৪) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব শিল্প সংস্কৃতির লালন ও বিকাশ সক্রিয় প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হবে; | (৪) শিল্প/সাহিত্যিকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন সংস্কৃতিসেবী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন; |
| (৫) সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ের সংস্থার সদস্য হলে তা বিশেষ যোগ্যতা বলে বিবেচিত হবে; | (৫) সাধারণত ৪০ বছরের কম বয়সী সংস্কৃতিসেবী ভাতা পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। তবে বিশেষ ক্ষেত্রে (যথা: অতি প্রতিভাবান দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত, আর্থিকভাবে চরম অসচ্ছল ইত্যাদি) বয়স শিথিলযোগ্য; |
| (৬) সাংস্কৃতিক প্রতিষ্ঠানের গঠনতন্ত্র এবং সক্রিয় কার্যনির্বাহী কমিটি থাকতে হবে; এবং | (৬) আবেদনকারীর বয়সের সত্যতা প্রমাণের জন্য উপযুক্ত প্রমাণপত্রের (জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ) কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে; এবং |
| (৭) সাংস্কৃতিক প্রতিষ্ঠানের নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে। | (৭) আবেদনকারী সংস্কৃতিসেবীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে। |
| (গ) আবেদনপত্রের আবশ্যিক সংযুক্তিঃ | |
| সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে: (১) রেজিস্ট্রেশন থাকলে এর সত্যায়িত কপি, (২) গঠনতন্ত্র, (৩) কার্যকরী/কার্যনির্বাহী কমিটির কপি, (৪) আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী, (৫) গত অর্থবছরে মন্ত্রণালয় হতে অনুদান পেয়ে থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে, (৬) গত বছরে প্রাপ্ত অনুদানের অর্থ ব্যয়ের বিবরণ ও অডিট রিপোর্ট এবং আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র/সচিত্র প্রতিবেদন এবং (৭) চেক বইয়ের কভার পেইজের ফটোকপি। | |
| সংস্কৃতিসেবীদের ক্ষেত্রে: (১) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (২) স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, (৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি এবং (৪) চেক বইয়ের কভার পেইজের ফটোকপি। | |

বি:দ্র:

- (১) আবেদন ফরমে আবেদনকারীর ঠিকানার পাশে (ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের) মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- (২) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।


(রাজীব কুমার সরকার)
উপসচিব।

ফোন: ৫৫১০০১১০